

# বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ ইপিজেড চট্টগ্রাম।

মডেল টেস্ট-০১

বিষয়: বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা

এস.এস.সি-২০২২ ইং

সময়: ১ ঘন্টা ১০ মিনিট

পূর্ণমান: ৩০

০১। সুমেধ বড়ুয়া ও সাগরিকা বড়ুয়ার বিয়ে হয়েছে অনেকদিন হলো। তাদের কোনো অভাব নেই। কিন্তু তাদের মনে কোনো শান্তি ছিল না। কারণ তাদের কোন সন্তান ছিল না। এক রাতে ঘুমের মধ্যে সাগরিকা বড়ুয়া সুন্দর স্বপ্ন দেখলেন। তিনি স্বপ্নের কথা সুমেধ বড়ুয়াকে বললেন। সুমেধ বড়ুয়া শাসনরক্ষিত ভিক্ষুক কাছে স্বপ্নের কথা বিস্তারিত বললেন। ভাস্তে বলেন, তোমার স্ত্রী শিগগিরই পুত্র সন্তানের মা হবেন।

- ক) বৌদ্ধধর্মের প্রবর্তক কে? ১  
খ) গৌতম বুদ্ধকে মহাকারণিক বুদ্ধ বলা হয় কেন? ২  
গ) উদ্দীপকের ঘটনাটি পাঠ্যবইয়ের কোন ঘটনার ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩  
ঘ) সাগরিকা বড়ুয়ার পুত্র একজন মহামানবের প্রতিচ্ছবি- তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

০২। 'ক' শব্দানুরাগে অনুপ্রাণিত হয়ে বোধিজ্ঞান লাভ করে। অন্যদিকে 'খ' বুদ্ধ প্রদর্শিত পথে বোধিজ্ঞান লাভে নিয়োজিত। উভয়ে ভিন্ন পন্থায় বোধিজ্ঞান লাভ করলেও তাদের উদ্দেশ্য বোধিসত্ত্বত অনুশীলন করা।

- ক) বোধিসত্ত্ব কাকে বলে? ১  
খ) সম্যকসম্বুদ্ধ বলতে কী বোঝ? ২  
গ) 'ক' ও 'খ' কোন ধরনের বোধিজ্ঞান অনুশীলন করছে? বর্ণনা কর। ৩  
ঘ) উদ্দীপকে উল্লিখিত বোধিজ্ঞানই মতামত বিশ্লেষণ কর। ৪

বহুনির্বাচনী প্রশ্ন:

১০ × ১ = ১০

১। রাজা শুদ্ধোধন রাজ জ্যোতিষীদের ডাকলেন কেন?

- ক) পুরস্কার দেওয়ার জন্য খ) তিরস্কার করার জন্য  
গ) ভাগ্য গণনা করার জন্য ঘ) স্বপ্নের ব্যাখ্যা জ্ঞানার জন্য

২। কত বছর বয়সে সিদ্ধার্থ বুদ্ধত্ব লাভ করেছিলেন?

- ক) ২৯ খ) ৩৫ গ) ৪০ ঘ) ৪৫

৩। বুদ্ধ কত বছর সাধনা করে বুদ্ধত্ব লাভ করেন?

- ক) ৫ খ) ৬ গ) ৭ ঘ) ৮

৪। জাতিস্মরণ জ্ঞান কী?

- ক) পূর্বজন্ম স্মরণ করা খ) পরজন্ম স্মরণ করা

গ) নির্বাণ লাভ করা ঘ) ধ্যানে মগ্ন হওয়া

৫। গৌতম বুদ্ধ কোন্ ধরনের পথ অবলম্বন করেন?

- ক) কঠোর সাধনার খ) বিলাসী জীবন  
গ) মধ্যম পথ ঘ) চরম পথ

৬। পারমী ও উপপারমী এবং পরমার্থ পারমী ভেদে এগুলো কত প্রকার?

- ক) ২০ খ) ২৫ গ) ৩০ ঘ) ৪০

৭। বুদ্ধের জন্ম কোন ধরনের ?

- ক) চিন্তনীয় খ) দুর্লভ গ) দৃশ্যমান ঘ) স্পর্শযোগ্য

৮। বোধিসত্ত্ব কুশাবতী নগরে কী নামে জন্মেছিলেন?

- ক) মহাসুদর্শন খ) তাপস গ) দত্তপাণি ঘ) দেবদত্ত

৯। কাদের সাধনালব্ধ জ্ঞান নিজেদের মধ্যে সীমাবদ্ধ?

- ক) সম্যক সম্বুদ্ধ খ) শ্রাবক বুদ্ধ গ) প্রত্যেক বুদ্ধ ঘ) বোধিসত্ত্ব

১০। কী মুক্ত অর্থে 'অর্হৎ' শব্দটি ব্যবহৃত হয়?

- ক) অরি বা শত্রু খ) শিক্ষা বা জ্ঞান গ) আবাস বা গৃহ ঘ) সম্পদ বা অর্থ